

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৭৫

৩/ হায়িয (كتاب الحيض)

পরিচ্ছেদঃ ৩/৪. মযী প্রসঙ্গে

المذي

## আরবী

حَدِيثُ عَلِيٌّ قَالَ كُنْتُ رَجُلًا مَذَّاءً فَاسْتَحْيَيْتُ أَنْ أَسْأَلَ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم فَأَمَرْتُ الْمِقْدَادَ بْنَ الْأَسْوَدِ فَسَأَلَهُ فَقَالَ فِيهِ الْوُضُوءُ

## বাংলা

১৭৫. মুহাম্মদ ইবনুল হানফিয়াহ (রহ.) হতে বর্ণিত, তিনি বলেনঃ 'আলী (রাযি.) বলেছেন, আমার অধিক পরিমাণে মযী বের হতো। কিন্তু আমি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এ সম্পর্কে জিজ্ঞেস করতে লজ্জাবোধ করছিলাম। তাই আমি মিকদাদ ইবনু আসওয়াদ (রাযি.)-কে অনুরোধ করলাম, তিনি যেন আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট জিজ্ঞেস করেন। তিনি তাঁকে জিজ্ঞেস করলেন। তিনি বলেনঃ এতে শুধু উযূ করতে হয়।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৪: উযূ, অধ্যায় ৩৪, হাঃ ১৭৮; মুসলিম, পর্ব ৩: হায়য, অধ্যায় ৪, হাঃ ৩০৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ মুহাম্মাদ ইবনুল হানাফিয়্যাহ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন